

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৭০২ ২৪/ বিবাহ ও দাম্পত্য পরিচ্ছেদঃ ঘর কেমন হবে?

আরবী

عَنْ سَعْدِ بْنِ أَبِىْ وَقَاصٍ أَنَّ رَسُوْلَ اللهِ صلَّى اللهُ عَلَيْهِ وَ سَلَّمَ قَالَ ثَلَاثَةٌ مِنَ السَّعادَةِ المَرْأَةُ الصَّالِحَةُ تَراها فَتُعْجِبُكَ وَتَغِيبُ عَنْها فَتَأْمَنُها وَثَلَاثَةٌ مِنَ الشَّقاءِ فَمِنَ السَّعادَةِ المَرْأَةُ الصَّالِحَةُ تَراها فَتُعْجِبُكَ وَتَغِيبُ عَنْها فَتَأْمِنُها على نَفْسِها ومالِكَ والدَّابَةُ تَكُونُ وَطِيئَةً فَتُلْحِقُكَ بأصنحابِكَ والدَّارُ تَكُونُ واسِعةً كَثِيرةَ المَرافِقِ وَمِنَ الشَّقاءِ المَرأَةُ تَراها فَتَسُوءُكَ وَتَحْمِلُ لِسانِها عَلَيْكَ وإِنْ غِبْتَ عنها لم المَرافِقِ وَمِنَ الشَّقاءِ المَرأَةُ تَراها فَتَسُوءُكَ وَتَحْمِلُ لِسانِها عَلَيْكَ وإِنْ غِبْتَ عنها لم تأمنها على نَفْسِها ومالِكَ والدَّابَةُ تَكُون قَطُوفاً فإنْ ضَرَبْتَها أَتْعَبَتْكَ وإنْ تَركْتَها لَم تُلْحِقْكَ بأصنحابِكَ والدَّارُ تَكُونُ ضَيَيَّقةً قَلِيلَةَ المَرافِقِ

বাংলা

(২৭০২) সা'দ বিন আবী অক্কাস (রাঃ) কর্তৃক বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, সৌভাগ্য ও সুখের বস্তু হল তিনটি এবং দুর্ভাগ্য ও দুঃখের বস্তু হল তিনটি; (তন্মধ্যে প্রথম হল,) সতী ও পূণ্যময়ী স্ত্রী, যাকে দেখলে (তার সুন্দর স্বভাব-চরিত্রের ফলে) তোমার মন তুষ্ট ও হর্ষোৎফুল্ল হয়। তোমার অনুপস্থিতিতে তার ব্যাপারে এবং তোমার সম্পদের বিষয়ে নিশ্চিত হতে পার। (দ্বিতীয় হল,) তেজস্বী ও শান্ত সওয়ারী (দ্রুতগামী গাড়ি), যা তোমাকে সফরের সঙ্গীদের সাথে মিলিত করে। আর (তৃতীয় হল,) প্রশস্ত ও বহু কক্ষবিশিষ্ট গৃহ। এ তিনটি সৌভাগ্যের সম্পদ। পক্ষান্তরে (দুর্ভাগ্যের প্রথম বস্তু হল,) এমন স্ত্রী; যাকে দেখলে তোমার মন তিক্ত হয়। যে তোমার উপর জিব লম্বা করে; এবং তোমার অনুপস্থিতিতে তার এবং তোমার সম্পদের বিষয়ে নিশ্চিত হতে পার না। (দ্বিতীয় হল,) নিস্তেজ সওয়ারী (পশু বা গাড়ি) যদি তাকে চালাবার জন্য প্রহার কর, তাহলে তোমাকে কষ্ট দেয় এবং যদি উপেক্ষা কর, তাহলে সঙ্গীদের সাথে মিলিত করে না। আর (তৃতীয় হল,) সংকীর্ণ ও অল্প কক্ষবিশিষ্ট গৃহ। এ তিনটি দুর্ভাগ্যের আপদ।

ফুটনোট

(হাকেম ২৬৮৪, সহীহুল জামে' হা/ ৩০৫৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ সা'দ বিন আবূ ওয়াক্কাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন